গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
কাশিয়ানী, গোপালগঞ্জ।

**রুই জাতীয় মাছের পোনা ক্রয়ের নিমিত্ত কোটেশন আহবানের অনুরোধ জ্ঞাপন পত্র**

পত্র নং-৩৩.০২.৩৫৪৩.৫০১.০৯.০০১.১৯- ৫৩ তারিখঃ ০৫/০৫/২০২০ খ্রিঃ

বরাবর,
মেসার্স ------------------------------------
------------------------------------------
------------------------------------------।

উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, কাশিয়ানী, গোপালগঞ্জ-এ রাজস্ব বাজেটের আওতায় কাশিয়ানী উপজেলার বিভিন্ন প্রাতিষ্ঠানিক পুকুর/জলাশয়ে রুই জাতীয় মাছের পোনা সরবরাহের নিমিত্ত এতদসংঙ্গে সংযুক্ত স্পেসিফিকেশন অনুযায়ী প্রকৃত পোনা ব্যবসায়ী/ ঠিকাদার/ সরবরাহকারীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সিলমোহরকৃত খামে কোটেশন আহ্বান করা যাচ্ছে।

**শর্তাবলী**

১. উল্লেখিত কোটেশন ডকুমেন্ট নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে আগামী ১৩/০৫/২০২০ খ্রি. তারিখ বেলা ১১.০০ ঘটিকা পর্যন্ত বা তার পূর্বে যে কোন সময়ে দেখা ও সংগ্রহ করা যাবে

২. সরবরাহকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান নিজে বা তার অনুমোদিত প্রতিনিধি কর্তৃক প্রস্তুতকৃত কোটেশন খামের মধ্যে সিলগালা করা অবস্থায় আগামী ১৩/০৫/২০২০ খ্রিঃ তারিখ বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত বা তার পূর্বে যে কোন সময়ে উপাজেলা মৎস্য অফিসারের কার্যালয় ,কাশিয়ানী,গোপালগঞ্জ এ জমা দিতে হবে। উল্লেখিত তারিখের পরে প্রাপ্ত কোনো কোটেশন গ্রহন করা হবে না।

৩. কোটেশন দাতাকে কোটেশন দলিলের জন্য কোন মূল্য পরিশোধ করতে হবে না এবং কোন দরপত্র জামানত (Quotations Security) বা নিরাপত্তা জামানত (Performance Security) প্রদান করতে হবে না। প্রাপ্ত কোটেশনসমূহ কোটেশন গ্রহণের শেষ তারিখ ও নির্দিষ্ট সময়ের পর খোলা হবে।

৪. কোটেশনে উদ্ধৃত দরহারে পণ্যের মূল্য, সকল প্রকার ট্যাক্স, ভ্যাট, পরিবহণ ব্যয়, মুনাফা, ইত্যাদি অন্তর্ভুক্ত থাকবে

৫. কোটেশন দাতাকে চুক্তিসম্পাদনের যোগ্যতা অর্জনের জন্য হালনাগাদ ট্রেড লাইসেন্স -এর সত্যায়িত কপি কোটেশনের সাথে সংযুক্ত করতে হবে।

৬. সরবরাহকৃত পোনা সুস্থ, সবল, জীবিত হতে হবে।

৭. কোটেশন দাতাকে কার্যাদেশ প্রাপ্তির পর নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পূর্ণ নিজ খরচে ও নিজ দায়িত্বে নির্বাচিত জলাশয়ে -এ উপযুক্ত সাইজের (১০-১৫ সে.মি) নির্দিষ্ট প্রজাতির(রুই ৩০%, কাতলা ৪০%, মৃগেল ও কালিবাউস ৩০%) মাছের পোনা পৌছে দিতে হবে ।

৮. সরবরাহের জন্য আনীত পোনা অবশ্যই ১০-১৫ সেঃমিঃ আকার/সাইজের অক্ষত, জীবিত ও সঠিক প্রজাতির হতে হবে এবং স্বচ্ছ ও পরিস্কার পরিচ্ছন্ন থাকতে হবে।

৯. প্রতি কনসাইমেন্টে (চালান) আনীত পোনা হতে নমুনা হিসাবে গ্রহণ করে প্রজাতি, আকার, স্বাস্থ্য, জীবিতের হার ইত্যাদি শর্ত যাচাই বাছাই পূর্বক গ্রহনযোগ্যতা নির্ধারন করা হবে। নীতিমালা অনুযায়ী সকল পোনার সাইজ ১০ সেঃমিঃ এর কম হলে তার কোন বিল প্রদান করা হবে না।তবে যেসকল পোনার সাইজ ১৫ সেঃমিঃ এর বেশী হবে তার ৫০% বিল প্রদানযোগ্য

১০. কার্যাদেশে বর্ণিত সিডিউল অনুযায়ী পোনা সরবরাহ করতে হবে। নির্ধারিত তারিখের পরে কোন পোনা গ্রহন করা হবে না।

১১. কোটেশন দাতা কর্তৃক চুক্তিবদ্ধ পোনার পরিমানের চেয়ে ৫০% এর কম পোনা সরবরাহ করলে সরবরাহকৃত পোনোর মূল্য প্রদান করা হবে না। চুক্তিবদ্ধ পরিমানের ৫০% এর অধিক এবং সর্বোচ্চ ১০০ ভাগ পোনা সরবরাহ করা হলে সরবরাহকৃত পোনোর মূল্য পরিশোধ করা হবে। এ ব্যপারে সরবরাহকারীর কোন জোর আপত্তি গ্রহনযোগ্য হবে না।

১২. নির্বাচিত কোটেশন দাতাকে ক্রয় আদেশ প্রদানের তারিখ হতে ন্যুনতম সময়ে পোনা সরবরাহ সম্পাদন করতে হবে এবং বিল পরিশোধের নিমিত্ত দুই প্রস্থ বিল দাখিল করতে হবে। সরবরাহকারী কর্তৃক প্রদত্ত বিল থেকে সরকারি বিধি মোতাবেক ভ্যাট/ট্যাক্স ও অন্যান্য কর কর্তন করা হবে।

১৩ সরবরাহকৃত পোনার অনুপাত সঠিক ও গুনগত মান অবশ্যই ভাল হতে হবে।

১৪. সরবরাহকৃত পোনার ওজন ডিজিটাল মাপন যন্ত্রে সঠিক ভাবে ওজন করে দিতে হবে।

১৫. পণ্যের ন্যূনতম ওয়ারেন্টি সময় ১২ ঘন্টা হতে হবে।

১৬.কোটেশনে উদ্ধৃত দর টাকায় এবং এর আওতায় যে কোন ক্রয় আদেশের অধীন সম্পাদিত কাজের মূল্য বাংলাদেশী টাকায় পরিশোধ করা হবে।

Scanned with CamScanner

১৭. একজন কোটেশন দাতা কেবল মাত্র একটি কোটেশন দাখিল করতে পারবেন এবং কোটেশনে কোটেশন দাতার পূর্ন নাম, ঠিকানা উল্লেখ করতে হবে। এছাড়া কোটেশন দাতাকে কোটেশন দলিলের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

১৮. রুই, কাতলা, মৃগেল মাছের পোনা পৃথক পৃথকভাবে সরবরাহ করতে হবে এবং পোনা মজুদযোগ্য জলাশয়ে পোনা পৌছানোর পর পৃথক পৃথক হাপায় অন্তত: ১(এক) ঘন্টা Conditioning করতে হবে।

১৯.কোটেশনে অংশগ্রহণের পূর্বে কোটেশনের শর্তাবলীসহ সংশ্লিষ্ট কাগজ পত্রের প্রতি পৃষ্ঠা ভালভাবে পড়ে বুঝে তবেই কোটেশনে অংশগ্রহণ করতে হবে।

২০.কর্তৃপক্ষ সর্বনিম্ন কোটেশন গ্রহণ করতে বাধ্য থাকবেন না এবং কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন কোটেশন গ্রহণ বা বাতিল অথবা সকল আইটেমের কোটেশন বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

05.05.2020

এস.এম.শাজাহান সিরাজ
উপজেলা মৎস্য কর্মকর্তা
কাশিয়ানী, গোপালগঞ্জ।
ফোনঃ ০৬৬৫২৫৬২০৮

পত্র নং- ৩৩.০২.৩৫৪৩.৫০১.০৯.০০১.১৯-৫৩/১(১৫)

তারিখঃ ০৫/০৫/২০২০ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১. জেলা মৎস্য কর্মকর্তা, গোপালগঞ্জ।
২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ কাশিয়ানী, গোপালগঞ্জ।
৩. উপজেলা নির্বাহী অফিসার, কাশিয়ানী, গোপালগঞ্জ।
৪. উপজেলা............................. অফিসার, কাশিয়ানী, গোপালগঞ্জ।
৫. নোটিশ বোর্ড, উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, কাশিয়ানী, গোপালগঞ্জ।

05.05.2020

উপজেলা মৎস্য কর্মকর্তা
কাশিয়ানী, গোপালগঞ্জ।

Scanned with CamScanner

২০১৯ - ২০২০ অর্থ বছরে রাজস্ব বাজেটের আওতায় গোপালগঞ্জ জেলার, কাশিয়ানী উপজেলার বিভিন্ন সরকারী/প্রাতিষ্ঠানিক পুকুরে কার্প জাতীয় মাছের পোনা সরবরাহের

## মূল্য সিডিউল
## (Price Schedule)

আরএফকিউ নং-৩৩.০২.৩৫৪৩.৫০১.০৯.০০১.১৯-৫৩

তারিখঃ ০৫/০৫/২০২০খ্রিঃ

| ক্রমিক | পোনার প্রজাতি (শতকরা হার) | পোনার আকার | পোনার গড় মুল্য (প্রতি কেজি) | |
|---|---|---|---|---|
| | | | অংকে | কথায় |
| ১. | রুই (৩০%) | ১০-১৫ সে. মি. | | |
| ২. | কাতলা (৪০%) | ১০-১৫ সে. মি. | | |
| ৩. | মৃগেল ও কালিবউস (৩০%) | ১০-১৫ সে. মি. | | |

এতদ্বারা ঘোষণা করছি যে, আমি/আমরা কর্তৃক সরবরাহের জন্য প্রস্তাবিত পণ্য কোটেশনে বর্ণিত শর্ত মোতাবেক উপর্যুক্ত ছকের স্পেসিফিকেশন-এর সাথে সম্পূর্ণ সঙ্গতিপূর্ণ।

কোটেশন দাখিলকারীর স্বাক্ষর
(নাম ও ঠিকানাসহ )

Scanned with CamScanner

উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, কাশিয়ানী, গোপালগঞ্জ এর অনুকূলে সরবরাহের লক্ষ্যে
পোনা এর

## কারিগরি বিনির্দেশ

## (Technical Specification of the Goods Required)

| ক্রমিক নং | পণ্য | পণ্য দ্রব্যের বিবরণ | কারিগরি বিনির্দেশ ও মান | উৎপাদনকারী দেশ |
|---|---|---|---|---|
| ০১ | পোনা | রুই (৩০%), কাতলা (৪০%), মৃগেল ও কালিবাউস (৩০%) | পোনার আকার/সাইজঃ ১০সেঃমিঃ-১৫সেঃমিঃ গুনগত মানঃ জীবন্ত ও অক্ষত | নিজ |
| | | | | |

এতদ্বারা আমি ঘোষনা করেতেছি যে, আমি/আমরা কর্তৃক সরবরাহের জন্য প্রস্তাবিত মালামাল উপযুক্ত ছকে বর্ণিত কারিগরি বিনির্দেশ ও মান এর সাথে সম্পূর্ন সংগতিপূর্ন

কোটেশন দাতার স্বাক্ষর, সীল ও তারিখ

(এস.এম.শাজাহান সিরাজ)
উপজেলা মৎস্য কর্মকর্তা
কাশিয়ানী, গোপালগঞ্জ।

Scanned with CamScanner